

ঋবতারা ।

আপনারে আমি দূর ছত্তর
 সাগরে ভাসায়ে দিবে,
 অস্তবিহীন লহরী-লীলায়
 চলেছি তরনী রেয়ে ।
 বন্ধের মাঝে ঘন ঘন বাজে
 লহরীর অভিঘাত,
 উর্দ্ধ হইতে গভীর নামে
 হইছে অশনি-পাত ।
 সাগরের মাঝে ঝঞ্জা গরজে
 হানিছে বক্র দৃষ্টি,
 মহাপ্রলয়ের অন্তকালের
 হইছে গরল-বৃষ্টি ।
 প্রতি পলে পলে মিলি অরিকূলে
 আমারে করিতে চূর্ণ,
 আসিরাছে ধেয়ে দশদিক্ ছেয়ে
 করিতে বন্ধ পূর্ণ ।
 বন্ধ, ওগো, বন্ধ আমার
 তোমার মুখের 'পরে
 চেয়ে চেয়ে আমি তুলি আপনাম
 চোখে আসে জল ভরে ।
 কোথায় চলেছি, যাব কত দূরে
 কিছুরি কিনারা নাই,
 ঋবতারা তুমি, নয়ন-সমুখে
 পথ দেখাইও তাই ।

শ্রীহৃদাংগভূষণ দাসগুপ্ত,

প্রথম বার্ষিক শ্রেণী, A শাখা।